

এক হাজার কণ্ঠঃ  
একটি কবিতা-সঙ্কলন APHN এর সাথে  
জমা দেওয়ার শেষ তারিখ  
৩০ জুন, ২০২০

জমা দেওয়ার জন্য কিছু নির্দেশাবলী

১. কবিতা জমা দিতে হবে PDF বা Doc ফাইল হিসাবে আর Time New Roman এর ১২ সাইজের অক্ষর হতে হবে।

২. জমা দেওয়ার সময় নিচের তথ্যগুলো থাকতে হবে।

- আপনার সম্পূর্ণ নাম
- জন্ম তারিখ
- বর্তমানে বসবাসরত দেশের নাম
- জন্ম করেছেন যে দেশে
- মাতৃভাষা কোনটি
- ৩ থেকে ৪ লাইন আপনার সম্পর্কে

৩. অনুগ্রহ করে জানাবেন যে, ২০২১ সালের ১০ – ১৩ই নভেম্বর জাপানের কোবে-তে অনুষ্ঠিতব্য Asia Pacific Hospice Conference- এ যদি আপনাকে আমন্ত্রণ জানানো হয় আপনার কবিতাটি সবার সামনে উপস্থাপন করার জন্য তাহলে আপনি আসতে পারবেন কিনা। যাতায়াত ও থাকার খরচ প্রদান করা হবে।

৪. উপরের সব তথ্যগুলো সম্পূর্ণ করে আপনার কবিতাটি জমা দিন [programmes@singlitstation.com](mailto:programmes@singlitstation.com) সাথে আপনি কেন এই কবিতা-সঙ্কলন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চান তা উল্লেখ করে একটি আবেদনপত্র আর পাশাপাশি প্যালিয়েটিভ কেয়ার এবং/অথবা অস্তিম পর্যায়ের অসুস্থতা নিয়ে আপনার কোন ব্যক্তিগত অভিজ্ঞতা লিখে দিন। (যদি থাকে)

জমা দিন

কবিতা-সঙ্কলন সম্পর্কে

মৃত্যু এবং মরণাপন্ন অবস্থার সাথে খাপ খাইয়ে নেওয়া এমন একটি বিষয় যা নিয়ে সচরাচর আলোচনা হয় না এবং এখনো মানব জীবনে এটি একটি অপরিচিত বাস্তবতা। আপনি হোন একজন রোগী, পরিবারের সদস্য, বন্ধু বা কোন স্বাস্থ্যসেবা প্রদানকারী যিনি এই অস্তিম অসুস্থতা নিয়ে আছেন ঠিক সেই সময় এরকম অভিজ্ঞতা বা কষ্ট দিয়ে অতিবাহিত হয়েছে এমন কারো কাছ থেকে কিছু শোনা আপনার শক্তির বা স্বস্তির উৎস হতে পারে। এই কবিতা-সঙ্কলন- এর মাধ্যমে Sing Lit Station (SLS) এবং Asia Pacific Hospice Palliative Care Network (APHN) এর লক্ষ্য হল হসপিস ও প্যালিয়েটিভ কেয়ার এর ধারণা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং এই বিষয়টিকে ঘিরে কিছু চিন্তাশীল আলোচনা তুলে ধরা।

সবাই যারা এশিয়া প্যাসিফিক ভুক্ত দেশগুলোতে থাকেন এবং যারা প্যালিয়েটিভ কেয়ার এর মাধ্যমে উপকৃত হয়েছেন তাদের সবাইকে স্বাগত জানানো যাচ্ছে এই কবিতা-সঙ্কলন প্রতিযোগিতায় কবিতা জমা দেওয়ার জন্য। এশিয়া প্যাসিফিক ভুক্ত দেশগুলোর সকল প্রধান ভাষাতেই কবিতাগুলো গ্রহণযোগ্য হবে।

**যেসকল দেশগুলো অংশ নিতে পারবেনঃ** অস্ট্রেলিয়া, বাংলাদেশ, ভূটান, ব্রুনেই, কম্বোডিয়া, চায়না, হংকং, ভারত, ইন্দোনেশিয়া, জাপান, লাউস, মালয়েশিয়া, মঙ্গোলিয়া, মায়ানমার, নেপাল, নিউজিল্যান্ড, প্যাসিফিক আইসল্যান্ড, পাকিস্তান, ফিলিপিন, সিঙ্গাপুর, কোরিয়া, শ্রীলংকা, তাইওয়ান, থাইল্যান্ড, তাইমোর লেসটি ও ভিয়েতনাম

**যেসকল ভাষায় কবিতা দিতে পারবেনঃ** ইংরেজি, ভাষা ইন্দোনেশিয়া, বাংলা, বার্মিজ, হিন্দি, জাপানিজ, কোরিয়ান, মালয়, ম্যান্ডারিন, মঙ্গোলিয়ান, নেপালি, সিনহালা, তাগালগ, থাই ও ভিয়েতনামিজ

বাছাইকৃত সকল কবিতা পরে ইংরেজিতে অনুবাদ করা হবে।

### আমাদের সহযোগী প্রতিষ্ঠান সম্পর্কে

**Asia Pacific Hospice Palliative Care Network (APHN)** হসপিস ও প্যালিয়েটিভ কেয়ার নিয়ে এশিয়া ও প্যাসিফিক ভুক্ত দেশগুলোতে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। তাদের উদ্দেশ্য হল, যেসকল প্রতিষ্ঠান এবং ব্যক্তির জীবন-সীমিতকারী রোগে আক্রান্ত রোগীদের কষ্ট লাঘবে কাজ করছেন ও প্রতিজ্ঞাবদ্ধ তাদেরকে সহযোগীতা এবং স্বনির্ভর করে তোলা।

এই নেটওয়ার্কটি কাজ করছে, শিক্ষা ও দক্ষতা বৃদ্ধি নিয়ে; সচেতনতা ও যোগাযোগ বাড়ানো নিয়ে; এবং গবেষণা ও যৌথভাবে কাজকে ত্বরান্বিত করা।